

## প্রথম অধ্যায়

### তথ্য ও যোগাযোগ প্রযুক্তি : বিশ্ব ও বাংলাদেশ প্রেক্ষিত

#### মডেল--১০

১.▶ লিমা তার বাবার সাথে নভোথিয়েটারে গলে। সেখানে সে মহাকাশ ভ্রমণের অনুভূতি উপভোগ করল। তার বাবা তাকে বললেন এটি একটি বিশেষ প্রযুক্তির সাহায্যে করা হয়েছে এবং এই নভোথিয়েটার আমাদের শিক্ষার উন্নয়নে সহায়ক হবে।

ক. বুলেটিন বোর্ড কী ?

খ. আউটসোর্সিং বলতে কি বুঝ ?

গ. উদ্দীপকে কী প্রযুক্তি বর্ণিত হয়েছে তা ব্যাখ্যা কর ?

ঘ. সামরিক বাহিনীতে প্রশিক্ষণ দানের ক্ষেত্রে উদ্দীপকে উল্লিখিত প্রযুক্তির ভূমিকা আলোচনা কর।

২.▶ রহমান সাহেব তার বাবাকে নিয়ে হাসপাতালে গেলেন। সেখানে আঙ্গুলের ছাপ দিয়ে ডাক্তারের কক্ষে প্রবেশ করেন। হাসপাতালের অন্য কক্ষে প্রবেশের সময় সেপারের দিকে তাকালে দরজা খুলে যায়। ডাক্তার তার বাবাকে  $-40^{\circ}\text{C}$  তাপমাত্রায় রক্তপাতহীন অপারেশনের ব্যবস্থা করেন।

ক. স্মার্ট হোম কী ?

খ. ঘরে বসে বিশেষজ্ঞ ডাক্তারের চিকিৎসা গ্রহণ করা যায় বিষয়টি ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে হাসপাতালের চিকিৎসা পদ্ধতিতে ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে হাসপাতালের কক্ষে প্রবেশের প্রক্রিয়া এটিএম বুথে ব্যবহার করলে কেউ ক্লোনিং করা এটিএম কার্ড ব্যবহার করতে পারবে কিনা ? বিশ্লেষণপূর্বক মতামত দাও।

৩.▶ “স্বপ্ন” একটি ডিপার্টমেন্টাল স্টোর [www.shopno.com](http://www.shopno.com) নেটয়ার্কের আওতায় ক্রেতাগণকে পন্য ক্রয়-বিক্রয় এর ক্ষেত্রে ই-কমার্স সুবিধা প্রদান করছে। এছাড়াও বিভিন্ন অলি-গলিতে ফ্লেক্সিলোড, ইজিলোড, বিকাশের পাশাপাশি তাদের পণ্যের ক্রয়-বিক্রয়ের মাধ্যমে অনেক বেকার যুবক আউটসোর্সিং এর মাধ্যমে স্বাবলম্বী হচ্ছে। ফলে ক্রেতাগণ যাচাই-বাছাই করে অর্ডার দিতে পারছে কম সময়ের মধ্যে। তাই ই-কমার্স ও আউটসোর্সিং বর্তমানে খুব জনপ্রিয় হয়ে উঠছে। যা একটি দেশের আর্থ সামাজিক উন্নয়নে অবদান রাখছে।

ক. ব্লগ কি?

খ. বিশ্বগ্রামের উপাদানগুলোর নাম লিখ।

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির ক্রেতাগণ ই-কমার্স ব্যবহারের ফলে কি ধরনের সুবিধা পাচ্ছেন ?

ঘ. উদ্দীপকে উল্লিখিত মাধ্যম গুলো একটি দেশের আর্থ সামাজিক ক্ষেত্রে কিভাবে অবদান রেখে চলছে তা বিশ্লেষণ কর।

মাদের প্রাত্যহিক জীবনকে কীভাবে প্রভাবিত করছে – ব্যাখ্যা কর।